

আমাদের এন আর সি ন্যায়সংগত এন আর সি

১৫-০২-২০১৮ তারিখ থেকে সমগ্র রাজ্যে বংশলতিকা পরীক্ষণের কাজ আরম্ভ হবে



NRC
NATIONAL REGISTER OF CITIZENS

- বংশলতিকা পরীক্ষণ হচ্ছে আবেদনকারীদের দ্বারা ব্যবহৃত লিগেসি ডাটার সত্যাসত্যতা নিরূপণের এক পদ্ধতি। এই পদ্ধতির দ্বারা একই পূর্বপুরুষের বংশধর বলে দাবী করা সব আবেদনকারীর বংশবৃক্ষের সবিশেষ মিলিয়ে দেখা হবে। মিল না থাকলে, একই পূর্বপুরুষের / লিগেসি ব্যক্তির বংশধর বলে দাবী করে বংশলতিকার তথ্য দাখিল করা আবেদনকারী / বংশধরকে মিল না থাকার কারণ ব্যাখ্যার সুযোগ দেওয়ার উদ্দেশ্যে কার্যক্রমগিকা (প্রসেডিং) অনুষ্ঠিত করার স্থানে ডাকা হবে।
- বংশলতিকার তথ্যে বাড়ীতে ডাকা নাম উল্লেখ করা, বিবাহের পর নাম / উপাধির ক্ষেত্রে হওয়া পরিবর্তন, অজ্ঞতার জন্য পরিবারের কোন সদস্যের নাম উল্লেখ না করা ইত্যাদি কারণবশতঃ হওয়া প্রকৃত ভুল-ভ্রান্তিগুলো প্রসেডিঙের সময় সংশোধন করা হবে।
- প্রসেডিং সাধারণত পূর্বপুরুষ / লিগেসি ব্যক্তির পূর্বে বসবাস করা স্থানে অনুষ্ঠিত হবে।
- যেসব আবেদনকারীদের প্রসেডিঙে উপস্থিত থাকতে হবে, এন আর সি'র ক্ষেত্র (Field) পর্যায়ের কর্মী তাদের বাড়ী গিয়ে আবশ্যকীয় বিজ্ঞপ্তি দিয়ে আসবে। বিজ্ঞপ্তিতে প্রসেডিঙের স্থান, তারিখ এবং সময়ের বিস্তৃত তথ্য উল্লেখ থাকবে যেখানে আবেদনকারীকে উপস্থিত থাকতে হবে।
- যেসব আবেদনকারী বিজ্ঞপ্তিপত্র পাবেন, তাদের ভয় বা আশংকা করার কিছু নেই, কারণ এই বিজ্ঞপ্তিপত্র পাওয়া মানেই সন্দেহযুক্ত বিবেচিত হওয়া বা এন আর সি থেকে বাদ পরা বোঝায় না। এই পদ্ধতি হচ্ছে প্রতিজন নাগরিকের লিগেসি ডাটাকে সুরক্ষিত রাখার এবং অসাধু লোকের দ্বারা অবৈধভাবে এন আর সিতে

নাম অন্তর্ভুক্ত করার অপচেষ্টা রোধ করার এক সুযোগ। এন আর সি'র শুদ্ধতার গুণগত মান বৃদ্ধির জন্য এটা জনসাধারণের এক অবদান।

- অসাধু লোকের দ্বারা অসৎ উদ্দেশ্যে নিজের লিগেসি ডাটার অপপ্রয়োগ রোধ করতে ইতিমধ্যে প্রকাশিত আংশিক খসড়া এন আর সি'তে নাম অন্তর্ভুক্ত হওয়া কোন কোন আবেদনকারীকেও প্রসেডিঙে উপস্থিত থাকতে এবং সাক্ষ্য প্রদান করতে বিজ্ঞপ্তি জারী করা হতে পারে।
- প্রসেডিঙে বংশলতিকা পরীক্ষণের জন্য উপস্থিত থাকতে বলা আবেদনকারীদের নিজের নিজের পরিচয় সাব্যস্ত করার জন্য একটি করে ফটো-পরিচয়পত্র এবং সমর্থক নথি-পত্র সংগে আনতে অনুরোধ জানানো হল। নিজেদের ভাই-দাদা, দিদি-বোনদের বংশজের দাবী সমর্থন করার জন্য তারা তাদের সংগে আনতে পারবেন।



রাজ্যিক সমন্বয়ক, এন আর সি, অসম সরকার

জনহিতার্থে প্রচারিত

নাগরিক পঞ্জীয়নের মহাপঞ্জীয়ক, গৃহ মন্ত্রণালয়, ভারত সরকার

বিশদভাবে জানতে
এবং সহায়তার জন্য

আমাদের ২৪ x ৭ বিনামূল্যের
হেল্পলাইন নম্বরে ফোন করুন

১৫১০৭ (অসমের জন্য)
১৮০০৩৪৫৩৭৬২
(অসমের বাইর থেকে)

আমাদের ওয়েবসাইট
www.nrcassam.nic.in

f nrcassam @NRCupdateAssam এ
আমাদের অনুসরণ করুন